**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
www.lgd.gov.bd

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মরণ কুমার চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২৮/০৯/২০২১ (মঙ্গলবার), সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | জুম প্ল্যাটফর্ম |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, কোভিড-১৯ পরিস্থিতির কারণে সরকারি নির্দেশনা অনুসরণপূর্বক জুম প্ল্যাটফর্মে সভাটি আয়োজন করা হয়েছে। রাষ্ট্রের সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক অধিকার, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা, সার্বভৌমত্ব ও সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি অপরিহার্য কৌশল। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'স্বপ্নের সোনার বাংলা' গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র প্রণয়ন করেছেন। অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগের মাধ্যমে ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগ সুশাসন প্রতিষ্ঠায় সকল মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানে জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে চর্চা হচ্ছে। বিষয়টি সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কী না, তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব দীপক চক্রবর্তী, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও আহবায়ক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কমিটি সভা সঞ্চালনা করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত উপস্থাপনের জন্য জনাব মোঃ এরশাদুল হক, যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ এরশাদুল হক, যুগ্মসচিব (প্রশাসন) ২০২০-২১ অর্থবছরের এ বিভাগের নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা Confirm (দৃঢ়ীকরণ) করা হয়। তিনি বলেন, এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নম্বর প্রদানের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে আলোচনা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে জানানো হয়েছে, সিদ্ধান্ত বাস্তবায়নের হার ১০০ (একশত) ভাগের কম হলে কোন সূচক প্রদান করা হবে না।

০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নে সমস্যা হয়। তবে রিমার্ক করার মত কোন বিষয় নেই। বর্তমানে সবকিছু ঠিকঠাক রয়েছে। তবে প্রত্যেকটি কার্যক্রমের বিপরীতে কোন ধরণের Documentation প্রয়োজন তা জানা দরকার। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) বলেন, প্রতি মাসে নিয়মিত সভা করা হয়। কোন প্রতিবন্ধকতা নেই। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বলেন, অভিযোগ নিষ্পত্তিকরণ একটি চ্যালেঞ্জ। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার (এনআইএস) সূচকের বিষয়ে আলোচনা করেন এবং এনআইএস বাস্তবায়নে অন্তরায়সমূহ তুলে ধরেন। এ বিষয়ে জনাব মুহম্মদ ইব্‌রাহিম, অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ বলেন, নির্দিষ্ট লক্ষ্য অনুযায়ী অর্থাৎ টার্গেট অনুযায়ী এগিয়ে যেতে হবে। সভায় অংশগ্রহণকারী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধি বলেন, গত অর্থবছরে ১ম বারের মত শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। তিনি বলেন, কোভিড-১৯ এ লকডাউন থাকায় শুদ্ধাচার বাস্তবায়নে বিঘ্ন ঘটেছে, তবে তুলনামূলকভাবে এই অর্থবছর অর্জন আরও ভাল হবে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আবু তৈয়ব রোকন বলেন, যথাসময়ে অর্থ ছাড় না হওয়ায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে সমস্যা রয়েছে। গত অর্থবছর শুদ্ধাচার পুরস্কারসহ সেবা কাউন্সিলর পদক প্রদান করা হয়েছে। হোল্ডিং ট্যাক্সে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ভাল করছে। টার্গেট অনুযায়ী অফিসের আসবাবপত্রসহ যাবতীয় অকেজো মালামাল বিনষ্টের লক্ষ্যে নিলাম কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। জনাব জেনি চাকমা, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ওয়াসা বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে। PSC ও PIC সভা নিয়মিত আয়োজন করা হয়ে থাকে। যদিও PSC সভা মন্ত্রণালয় সচিব মহোদয় সম্পর্কিত। তিনি বলেন, এডিপি শতভাগ বাস্তবায়ন করা কঠিন। ৮০ শতাংশ বাস্তবায়ন করা হলে কিছু নম্বর পাওয়া যাবে। জনাব আব্দুল হালিম, সচিব, রাজশাহী ওয়াসা বলেন, এনআইএস বাস্তবায়ন করা হয়েছে। ওয়াসায় কর্মরত কর্মচারীদেরকে সময়ে সময়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ভবিষ্যতে Technical Training প্রদান করা হবে। তবে প্রশিক্ষণ কোডে কোন বরাদ্দ ছিল না। রাজশাহী ওয়াসার পানি পরীক্ষা বাস্তবায়ন করা হয়েছে। জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন বলেন, নৈতিকতা কমিটি আরও Expand করা প্রয়োজন। কমিটিতে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে অন্তর্ভূক্ত করা দরকার। Automation কার্যক্রম নিয়ে সমস্যা রয়েছে। C4C এর আওতায় Similar কার্যকর Automation Program নেয়া প্রয়োজন। হোল্ডিং ট্যাক্স, লাইসেন্স, নাগরিক সনদ ও জন্ম-মৃত্যু নিবন্ধন Central Unified System এ Automation হওয়া প্রয়োজন। আর Automation হওয়ার জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা দরকার। জনাব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বলেন, Activity Online এ করতে হবে। ই-ফাইলিং শতভাগ করা হয়েছে। একটি ওয়ার্ডে ট্রেড লাইসেন্স, জন্ম নিবন্ধন ও ওয়ারিশান সনদ অনলাইনে পাইলটিং করা হয়েছে। জনাব মোঃ রুহুল আমিন মিঞা, প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন বলেন, উক্ত সিটি কর্পোরেশনে দক্ষ জনবলের অভাব রয়েছে। এলক্ষ্যে মন্ত্রণালয়ের প্রশাসনিক ও নিয়োগ বিধি অনুমোদন প্রয়োজন। প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন বলেন, শুদ্ধাচার পুরস্কারের পাশাপাশি সেরা কাউন্সিলর পদক প্রদান করা হবে। উক্ত সিটি কর্পোরেশনে জনবলের সংকটের কারণে নাগরিক সেবার গুণগতমান অক্ষুন্ন রেখে দেয়া সম্ভব হচ্ছে না। তিনি আরও বলেন, জনপ্রতিনিধিদেরকে অন্তর্ভূক্ত করে গণশুনানী করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সভায় ভার্চুয়ালি সংযুক্ত দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দ তাঁদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন।

০৫। **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর তাতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়। | -- |
| ০২. | নৈতিকতা কমিটির সভায় সংস্থা প্রধান/২য় প্রধান ব্যক্তি উপস্থিত থাকবেন। ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহযোগী কর্মকর্তা হিসেবে উপস্থিত থাকতে পারেন। | দপ্তর, সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ০৩. | রংপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশনসহ যে সকল সিটি কর্পোরেশনে জনবলের অভাবে নাগরিক সেবা প্রদানে বিলম্ব হচ্ছে কিংবা গুণগতমান বজায় রাখা সম্ভব হচ্ছে না, সে সকল সিটি কর্পোরেশনে দক্ষ জনবল নিয়োগ প্রদান নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন |
| ০৪. | অর্থবছরের ১ম কোয়ার্টারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ যথাসময়ে নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাজেট শাখা<br>স্থানীয় সরকার বিভাগ |
| ০৫. | হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, নাগরিক সনদ ও জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত সার্টিফিকেটসমূহ অনলাইনে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিটি কর্পোরেশন (সকল) |
| ০৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রমসমূহের বিপরীতে কোন ধরণের Documentation/প্রমাণক প্রয়োজন, সে বিষয়ে দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশাসন-২ শাখা<br>স্থানীয় সরকার বিভাগ |
| ০৭. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে আরও তৎপর হতে হবে। | স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান |

০৬। পরিশেষে, সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংশ্লিষ্ট সকলকে দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মরণ কুমার চক্রবর্তী

অতিরিক্ত সচিব

স্থানীয় সরকার বিভাগ

(সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে)

নম্বর-৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০১.২০২০(অংশ)-১২৭৯

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮ / ৩০ সেপ্টেম্বর ২০২১

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।

২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।

৩. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।

৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

৩০.০৯.২০২১

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৭৬
lgadmin2@lgd.gov.bd